# 📖 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮০৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৬৭ : নিজ পিতা ছাড়া অন্যকে পিতা বলে দাবী করা বা নিজ মনিব ছাড়া অন্যকে মনিব বলে দাবী করা হারাম

(367) ـ بَابُ تَحْرِيْمِ اِنْتِسَابِ الْإِنْسَانِ إِلٰى غَيْرِ أَبِيْهِ وَتَوَلِّيْهِ إِلٰى غَيْرِ مَوَالِيْهِ

আরবী

وَعَنْ يَزِيدَ بنِ شَرِيكِ بنِ طَارِقٍ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: رَأَيتُ عَلِيّاً رضي الله عنه عَلَى المِنْبَرِ يَخْطُبُ، فَسَمِعْتُهُ يقُوْلُ : لاَ وَاللهِ مَا عِنْدَنَا مِنْ كِتَابٍ نَقْرؤُهُ إلاَّ كِتَابَ اللهِ، وَمَا فِي هَذِهِ الصَّحِيفَةِ، فَنَشَرَهَا فَإذَا فِيهَا أَسْنَانُ الإِبلِ، وَأَشْيَاءُ مِنَ الجِرَاحَاتِ، وَفِيهَا : قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «المَدينَةُ حَرَمٌ مَا بَيْنَ عَيرٍ إِلَى ثَوْرٍ، فَمَنْ أَحْدَثَ فِيهَا حَدَثاً، أَوْ آوَى مُحْدِثاً، فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ وَالمَلاَئِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ، لاَ يَقْبَلُ اللهُ مِنْهُ يَومَ القِيَامَةِ صَرْفاً وَلاَ عَدْلاً . ذِمَّةُ المُسْلِمينَ وَاحِدَةٌ، يَسْعَى بِهَا أَدْنَاهُمْ، فَمَنْ أَخْفَرَ مُسْلِماً، فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ وَالمَلاَئِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ، لاَ يَقْبَلُ اللهُ مِنْهُ يَومَ القِيَامَةِ صَرْفاً وَلاَ عَدْلاً . وَمَنِ ادَّعَى إِلَى غَيرِ أَبِيهِ، أَوِ انْتَمَى إِلَى غَيرِ مَوَالِيهِ، فَعَلَيْهِ لَعْنَةُ اللهِ وَالمَلاَئِكَةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ؛ لاَ يَقْبَلُ اللهُ مِنْهُ يَومَ القِيَامَةِ صَرْفاً وَلاَ عَدْلاً» . متفق عَلَيْهِ

বাংলা

৩/১৮১৩। ইয়াযীদ ইবনে শারীক ইবনে ত্বারেক হতে বর্ণিত, তিনি বলেন, আমি আলী রাদিয়াল্লাহু আনহু-কে মিম্বরের উপর খুতবা দিতে দেখেছি এবং তাকে এ কথা বলতে শুনেছি যে, ’আল্লাহর কসম! আল্লাহর কিতাব ব্যতীত আমাদের কাছে আর কোন কিতাব নেই যা আমরা পাঠ করতে পারি। তবে এ লিপিখানা আছে।’ এরপর তা তিনি খুলে দিলেন। দেখা গেল তাতে [রক্তপণে প্রদেয়] উটের বয়স ও বিভিন্ন যখমের দণ্ডবিধি লিপিবদ্ধ আছে। তাতে আরও লিপিবদ্ধ আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’আইর থেকে সওর পর্যন্ত মদিনার হারাম-সীমা। এখানে যে ব্যক্তি [ধর্মীয় বিষয়ে] অভিনব কিছু [বিদআত] রচনা করবে বা বিদআতীকে আশ্রয় দেবে, তার উপর আল্লাহ, ফিরিশ্তাদল এবং সকল মানুষের অভিশাপ। কিয়ামতের দিন আল্লাহ তার কোন ফরয ও নফল ইবাদত কবুল করবেন না।

সমস্ত মুসলিমদের প্রতিশ্রুতি ও নিরাপত্তা-দানের মর্যাদা এক। তাদের কোন নিম্নশ্রেণীর মুসলিম [কাউকে আশ্রয় প্রদানের] কাজ করতে পারে। সুতরাং যে ব্যক্তি মুসলিমের ঐ কাজকে বানচাল করে, তার উপর আল্লাহ, ফিরিশ্তা ও সকল মানুষের লানত। কিয়ামতের দিনে আল্লাহ তার কোন ফরয ও নফল ইবাদত কবুল করবেন না। আর যে ব্যক্তি প্রকৃত বাপ ছাড়া অন্যকে বাপ বলে দাবী করে বা প্রকৃত মনিব ছাড়া অন্য মনিবের সাথে সম্বন্ধ জুড়ে, তার উপর আল্লাহ, ফিরিশ্তা ও সমস্ত মানুষের অভিশাপ। কিয়ামতের দিন আল্লাহ তার কোন ফরয ও নফল ইবাদত গ্রহণ করবেন না।’’ (বুখারী-মুসলিম) [1]

## English

(367) Chapter: Prohibition of attributing wrong Fatherhood

Yazid bin Sharik bin Tariq (May Allah be pleased with him) said:
I saw 'Ali (May Allah be pleased with him) giving a Khutbah (sermon) from the pulpit and I heard him saying: "By Allah, we have no book to read except Allah's Book and what is written in this scroll. He unrolled the scroll which showed a list of what sort of camels to be given as blood-money, and other legal matters relating to killing game in the sanctuary of Makkah and the expiation thereof. In it was also written: The Messenger of Allah (ﷺ) said: 'Al-Madinah is a sanctuary from 'Air to Thaur (mountains). He who innovates in this territory new ideas in Islam, commits a sin therein, or shelters the innovators, will incur the Curse of Allah, the angels, and all the people, and Allah will accept from him neither repentance nor a ransom on the Day of Resurrection. The asylum (pledge of protection) granted by any Muslim (even of the) lowest status is to be honoured and respected by all other Muslims, and whoever betrays a Muslim in this respect (by violating the pledge) will incur the Curse of Allah, the angels, and all the people; and Allah will accept from him neither repentance nor a ransom on the Day of Resurrection. Whoever attributes his fatherhood to someone other than his (real) father, and takes someone else as his master other than his (real) master without his permission, will incur the Curse of Allah, the angels and all the people, and Allah will accept from him neither repentance nor a ransom on the Day of Resurrection."

[Al-Bukhari and Muslim].

Commentary: Air is a small mountain near Al-Madinah and Thaur is also a small mountain behind the famous Mount Uhud. The area between these two mountains is the forbidden area. It means that like the Haram of Makkah, no game should be killed, no trees or plants of this area should be cut and no disbeliever or polytheists should enter its boundary. The words "a'dl" and "sarf" translated here as 'repentance' and 'ransom' respectively

also mean obligatory and voluntary (Nafl) acts of worship.

It has been established here that any act of disobedience or sin committed in Al-Madinah becomes a greater sin than if it is committed anywhere else. This Hadith also establishes that the claim that `Ali (May Allah be pleased with him) was given some specific knowledge of Khilafah (caliphate), which was not given to anybody else is also false. The Hadith also makes it clear that attributing one's fatherhood to someone other than his real father is a grave sin.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১১১, ১৮৭০, ৩০৪৭, ৩১৭২, ৩১৮০, ৬৭৫৫, ৬৯০৩, ৬৯১৫, ৬৩০০, মুসলিম ১৩৭০, তিরমিযী ১৪১২, ২১২৭, নাসায়ী ৪৭৩৪, ৪৭৩৫, ৪৭৪৪, ৪৭৪৫, ৪৭৪৬, আবূ দাউদ ২০৩৪, ৪৫৩০, ইবনু মাজাহ ২১৬৫৮, আহমাদ ৬০০, ৬১৬, ৭৮৪, ৮০০, ৮৬০, ৮৭৬, ৯৫৭, ৯৬২, ৯৯৪, দারেমী ২৩৫৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ইয়াযীদ ইবনে শারীক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32560

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন